



স্মারক: ৩৭,০৯,৭৬০৯,০০৭,০২,০০৯,২২,০১৯

তারিখ: ০৫ জৈষ্ঠ্য, ১৪২৯ বঙ্গাব্দ
১৯ মে, ২০২২ খ্রিস্টাব্দ

শোকবার্তা

আবদুল গাফফার চৌধুরীর মৃত্যুতে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের শোক প্রকাশ

বর্ষীয়ান লেখক, বিশিষ্ট সাংবাদিক ও জনপ্রিয় কলামিস্ট আবদুল গাফফার চৌধুরীর মৃত্যুতে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. রফিকউল্লাহ খান গভীর শোক প্রকাশ করেছেন।

স্থানীয় সময় বুধবার রাতে যুক্তরাজ্যের লন্ডনে শেষ নিশ্বাস ত্যাগ করেন তিনি। ৮৭ বছর বয়সী আবদুল গাফফার চৌধুরী ১৯৭৪ সালের অক্টোবর থেকে ব্রিটেনে বসবাস করছিলেন। তিনি বার্ষিক্যজনিত নানা রোগে আক্রান্ত হয়ে বেশ কিছু দিন ধরে হাসপাতালে ছিলেন।


আবদুল গাফফার চৌধুরীর ভাষা আন্দোলনের স্মরণীয় গান “আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি”-এর রচয়িতা। স্বাধীনতা যুদ্ধে মুজিবনগর সরকারে মাধ্যমে নিবন্ধিত স্বাধীন বাংলার প্রথম পত্রিকা ‘সাপ্তাহিক জয় বাংলা’র প্রতিষ্ঠাতা ও সম্পাদক ছিলেন তিনি। আবদুল গাফফার চৌধুরী ১২ ডিসেম্বর ১৯৩৪ সালে বরিশালের উলানিয়ার চৌধুরী বাড়িতে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা হাজী ওয়াহিদ রেজা চৌধুরী ও মাতা জহরা খাতুন।

সাংবাদিকতার পাশাপাশি তিনি গল্প, উপন্যাস, স্মৃতিকথা, ছোটদের উপন্যাসও লিখেছেন তিনি। ‘চন্দ্রদ্বীপের উপাখ্যান’, ‘সন্ন্যাসের ছবি’, ‘ঘীরে বহে বুড়িগঙ্গা’, ‘বাঙালি না বাংলাদেশ’সহ তার প্রকাশিত গ্রন্থসংখ্যা প্রায় ৩০। এছাড়া তিনি কয়েকটি পূর্ণাঙ্গ নাটক লিখেছেন। এর মধ্যে রয়েছে ‘একজন তাহমিনা’ ‘রক্তাক্ত আগস্ট’ ও ‘গলাশী থেকে বাংলাদেশ’।

উপাচার্য অধ্যাপক ড. রফিকউল্লাহ খান বলেন, ‘তাঁর মৃত্যুতে জাতি সংকট ও সংগ্রামের এক অনন্য সাথীকে হারিয়েছে। মহান ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধে সক্রিয় অংশগ্রহণ থেকে ১৯৭৫ পরবর্তী দুঃসময় পরম্পরায় লেখনির মাধ্যমে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনাদর্শ ও সংগ্রামের প্রেরণায় বাঙালি জাতিকে তিনি পথ দেখিয়েছেন। তাঁর মৃত্যুতে আমাদের সাহিত্য ও সংস্কৃতি জগতের যে শূন্যতা সৃষ্টি হলো তা পূরণ হবার নয়।’

তিনি মরহমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে-


(এনামুল হক)

জনসংযোগ কর্মকর্তা
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়,
নেত্রকোণা